গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী,
ঢাকা-১২১২
www.dgda.gov.bd

স্মারক নং-ডিজিডিএ/আইন/২০১৯/৯৮

তারিখ: 08/02/২০২০

**অফিস আদেশ**

**বিষয় ঃ অ্যান্টিবায়োটিক ঔষধ খুচরা বিক্রয়কারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অবহিত করা যাচ্ছে যে, ব্যবস্থাপত্র ব্যতিরেকে অ্যান্টিবায়োটিক বিক্রি হচ্ছে মর্মে সাম্প্রতিক বিভিন্ন সংবাদ মাধ্যমে খবর প্রচারিত হচ্ছে। রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতিরেকে অ্যান্টিবায়োটিক বিক্রয় প্রতিরোধে মহামান্য হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং-৪৬০৮/২০১৯-এর আদেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইত:পূর্বে নির্দেশ প্রদান করা হয়েছিল।

Drug Act-1940 এর ধারা 18(b)-তে উল্লেখ রয়েছে- "sell, or stock, or exhibit for sale, or distribute any drug which has been imported or manufactured in contravention of any of the provisions of this Act or any rule made thereunder;

The Bengal Drug Rules, 1946-এ ঔষধ বিক্রয়ের ক্ষেত্রে 24(3) ধারায় বর্ণিত আছে: The supply of any drug on the prescription of the registered practitioner shall be recorded at the time of supply in a prescription register specially maintained for the purpose and the serial number of the entry in the register shall be entered on the prescription. The following particulars shall be entered in the register:

(a) Serial number of the entry;
(b) date of supply;
(c) the name and address of the prescriber;
(d) the name of the patient;
(e) the name of the drug and the quantity;...

উল্লিখিত ধারা মোতাবেক প্রত্যেক ফার্মেসীতে অ্যান্টিবায়োটিক রেজিস্টার সংরক্ষণ করার নির্দেশ প্রদান করা হল। কোন ফার্মেসী উক্ত রেজিস্টার সংরক্ষণ না করে অ্যান্টিবায়োটিক বিক্রয় করলে তা ড্রাগ অ্যাক্ট ১৯৪০ এর ১৮(বি) ধারার লঙ্ঘন বলে গণ্য হবে, যা ড্রাগ অ্যাক্ট ১৯৪০ এর ২৭ ধারা মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।
এমতাবস্থায়, উল্লিখিত ধারা লঙ্ঘনকারী ফার্মেসীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হল।

স্বাঃ
**মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান**
**মহাপরিচালক**
ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৮৮০৮০৩
ই-মেইল: dgda.gov@gmail.com
তারিখ: 08/02/২০২০

স্মারক নং-ডিজিডিএ/আইন/২০১৯/৯৮

**অনুলিপি অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ**

০১। পরিচালক/পরিচালক (চলতি দায়িত্ব)/উপপরিচালক/সহকারী পরিচালক/ঔষধ তত্ত্বাবধায়ক/ঔষধ তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত)/ঔষধ পরিদর্শক/ঔষধ প্রশাসন,.................................................(পত্রে বর্ণিত নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং এর নির্দেশনাসহ)।
০২। কেমিষ্ট এন্ড ড্রাগিষ্ট সমিতি সভাপতি/সম্পাদক (সদস্যদের বিতরনের জন্য অনুরোধ করা হল)।
০৩। আর্কাইভ শাখা।
০৪। অফিস নথি।

04 FEB 2020

মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা